ভোরের কাগজ

তারিখ ••• APR. 22 1999
পৃষ্ঠা 2 কলাম 7

413

# ঢা. বি. হলে বহিরাগত অছাত্রদের অবস্থান ঠেকাতে কয়েকটি সিদ্ধান্ত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সভায় আবাসিক হলগুলোতে বহিরাগত অছাত্ররা থাকতে পারবে না বলে নোটিশ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল বুধবার উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সিদ্ধান্ত হয়, আইনশৃঙ্খলা রক্ষাবাহিনী হল থেকে কোনো বহিরাগত অছাত্রকে গ্রেপ্তার করলে তার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না। হল প্রশাসন যেকোনো সময় হলের প্রতিটি তলা পরিদর্শন ও পুলিশ যেকোনো মুহূর্তে হলে তল্লাশি চালাতে পারবে বলে সভায় সিদ্ধান্ত নেওয়া হয়।